# আজ হাদি হত্যার বিচার দাবিতে ইনকিলাব মঞ্চের 'মার্চ ফর ইনসাফ' কর্মসূচি




সংগৃহীত ছবি

শরিফ ওসমান হাদি হত্যার ঘটনার বিচার নিশ্চিত করার দাবিতে আজ থেকে ৬ জানুয়ারি পর্যন্ত 'মার্চ ফর ইনসাফ' নামে ধারাবাহিক কর্মসূচি শুরু করেছে ইনকিলাব মঞ্চ। শুক্রবার শাহবাগে আয়োজিত এক সমাবেশে সংগঠনটির সদস্য সচিব আবদুল্লাহ আল জাবের এই কর্মসূচির ঘোষণা দেন।

শুক্রবার জুমার নামাজের পর ইনকিলাব মঞ্চের নেতাকর্মীরা বিক্ষোভ মিছিলসহ শাহবাগ এলাকায় অবস্থান নেন। সেখানে বক্তব্যে আবদুল্লাহ আল জাবের বলেন, শুধু রাজধানীতে নয়, দেশের বিভিন্ন জেলা ও প্রত্যন্ত অঞ্চলে গিয়ে হাদি হত্যার বিচারের দাবিতে জনমত গড়ে তোলা হবে। অন্তর্বর্তী সরকার ও রাজনৈতিক শক্তিসহ সব মহলের সহযোগিতা চাওয়া হবে বলেও জানান তিনি। একই সঙ্গে ৭ জানুয়ারির মধ্যে হত্যাকারীদের শনাক্ত করে অভিযোগপত্র দাখিল না হলে কঠোর আন্দোলনের পথে যাওয়ার হুঁশিয়ারি দেয় সংগঠনটি।

প্রসঙ্গত, গত ১২ ডিসেম্বর দুপুরে গুলিবিদ্ধ হয়ে গুরুতর আহত হন শরিফ ওসমান হাদি। প্রথমে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়, সেখানে অস্ত্রোপচারও করা হয়। পরবর্তীতে পরিবারের সিদ্ধান্তে তাকে এভারকেয়ার হাসপাতালে নেওয়া হয়।

অবস্থার অবনতি হলে ১৫ ডিসেম্বর উন্নত চিকিৎসার আশায় এয়ার অ্যাম্বুলেন্সে হাদিকে সিঙ্গাপুরে পাঠানো হয়। সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ১৮ ডিসেম্বর রাত সাড়ে ৯টার দিকে তার মৃত্যু হয়। পরদিন রাতে মরদেহ দেশে পৌঁছায়। ২০ ডিসেম্বর ময়নাতদন্ত সম্পন্ন হওয়ার পর জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কবরের পাশে তাকে দাফন করা হয়।